

বিসিএস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা
www.bcsadminacademy.gov.bd

প্রেস রিলিজ

উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সমস্যা ও তার প্রতিকারের উপায় শীর্ষক সেমিনার

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে “বিসিএস প্রশাসন একাডেমি সক্ষমতা বৃদ্ধিকরণ” প্রকল্পের আওতায় উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সমস্যা ও তার প্রতিকারের উপায় শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ১৪ সেপ্টেম্বর বৃহস্পতিবার সকাল ১০ ঘটিকায় এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক এমপি।

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) সরকারের একটি গুরুত্বপূর্ণ স্বল্পমেয়াদি উন্নয়ন পরিকল্পনা। সরকারের ম্যান্ডেটকে বাস্তবে রূপান্তরিত করার অন্যতম উপায় বা মাধ্যম হল এ বার্ষিক উন্নয়ন কর্মসূচি। দেশের সীমিত সম্পদের সময়ানুগ ও সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে উন্নয়ন প্রকল্পের সফল বাস্তবায়ন করতে হয়।

সেমিনারের প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক বার্ষিক উন্নয়ন কর্মসূচির সফল বাস্তবায়নের উপর অধিক গুরুত্ব আরুপ করেন। তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে কোন অন্তরায় যেন পরিলক্ষিত না হয় সেদিকে সতর্ক থাকার জন্য সবাইকে অনুরোধ করেন। জনগণের চাহিদাকে বাস্তবে রূপদানের জন্য সরকারের গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা জটিল ও কঠিন হলেও অসম্ভব নয়। দেশের সামগ্রিক উন্নয়নের বিবেচনায় আমাদের হাতে অন্য কোন বিকল্প নেই। আমাদের সর্বশক্তি নিয়োগ করে ২০২১ সালের মধ্যে মধ্য আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়ার স্বপ্নকে বাস্তবে রূপদান করতে হবে। আর সে লক্ষ্যপূরণে উন্নয়ন প্রকল্পের যথাযথ বাস্তবায়নই একমাত্র উপায়।

বিসিএস প্রশাসন একাডেমিকে এ জনগুরুত্বপূর্ণ ও উন্নয়ন ভাবনা প্রাসঙ্গিক সেমিনারের আয়োজনের জন্য প্রধান অতিথি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

এ সেমিনারে সভাপতিত্ব করেছেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর ও বাংলাদেশ সরকারের সচিব জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকাদার এনডিসি।

BCS Administration Academy

Shahbag, Dhaka

Press Release

Seminar on

“Implementation of Development Projects: Challenges and Mitigation”

The Seminar on “Implementation of Development Projects: Challenges and Mitigation” held in Bangladesh Civil Service Administration Academy. Honorable Minister of State, Ministry of Public Administration Ismat Ara Sadique MP graced the seminar as the Chief Guest on September 14, Thursday at 10.30 am.

Annual development programme (ADP) is the key mechanism to translate government’s mandate to reality. GoB wants to develop its infrastructure, create vibrant economic activities, employment generation, transform the country from manual to electronic service, and many more things to satisfy people’s need. Government undertakes development projects to materialize those desires. Due to the poor implementation of the ADP, Government has not been able to reach to its expected level of development. Also, the people are deprived of getting benefits of public spending.

Honorable Minister of State Ismat Ara Sadique MP delivered a speech towards the participants of the seminar. You all will agree that there might be complexity and difficulty in the implementation stage, but it is not impossible to fix or mitigate these challenges. We have no other choice than dealing with it, because we want to achieve our targets of vision 2021 and 2041. We must put our highest efforts to make this happen.

The seminar was chaired by the Rector of the Academy, Secretary of the Government Mr. Md Anwarul Islam Sikder, ndc.